

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয়

কার্যালয়, রাজশাহী

[dnrcrp.rajshahidiv.gov.bd](http://dnrcrp.rajshahidiv.gov.bd)



নম্বর ২৬.০৪.৮১০০.৫০১.১৭.০০৭.২০.২৬৩

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৮

২২ ফেব্রুয়ারি ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ২২ ফেব্রুয়ারি ২০২২ তারিখে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের ০১টি টিম কর্তৃক রাজশাহী মহানগরের বোয়ালিয়া থানায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক ২২/০২/২০২২ খ্রি: তারিখে সহকারী পরিচালক জনাব হাসান-আল-মারুফ এর নেতৃত্বে রাজশাহী মহানগরের বোয়ালিয়া থানাধীন এলাকায় অভিযান পরিচালিত হয়। সহকারী পরিচালক জনাব হাসান-আল-মারুফ সাহেব বাজার এলাকায় অপূর্ব দই মিষ্টি ভান্ডার কে মোড়কজাত পণ্যে ওজন বা পরিমাণ না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ১,০০০/- টাকা, হাবিব চিপস কর্নার কে মোড়কজাত পণ্যে ওজন বা পরিমাণ না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ২,০০০/- টাকা, মেসার্স আব্বাস আলী কে মোড়কজাত পণ্যে সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ২,০০০/- টাকা, সিদ্দিক স্টোর কে মোড়কজাত পণ্যে উৎপাদনের তারিখ, মেয়াদ উত্তীর্ণের তারিখ, সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ২,০০০/- টাকা এবং খন্দকার কসমেটিক্স কে মোড়কজাত পণ্যে সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ১০,০০০/- টাকা জরিমানা করেন। তিনি গুড়িপাড়া এলাকায় আসির স্টোর কে মোড়কজাত পণ্যে সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ৬,০০০/- টাকা জরিমানা করেন। আজকের ০২টি অভিযানে সর্বমোট ২৩,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট ও মাস্ক বিতরণ করা হয় ও আইনটি মেনে চলতে উদ্বুদ্ধ করা হয়। রাজশাহী মেট্রোপলিটন পুলিশের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

২৩-২-২০২২

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ফোন: ০৭২১-৭৭২৭৭৪

ফ্যাক্স: ০৭২১-৭৭৫৪০৬

ইমেইল: dd-

[rajshahi@dnrcrp.gov.bd](mailto:rajshahi@dnrcrp.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ৩) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
- ৪) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৭) সহকারী পরিচালক (মেট্রো), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৮) অফিস কপি।